

To,
The I/C Purulia (T) PS,
Dist -Purulia

মহাশয় আমি নিমাই চন্দ্র মাঝি, পিতা স্বর্গীয় কিনু মাঝি, গ্রাম- পুনুড়া, পোস্ট- পানিপাথর, থানা- কেন্দা, জেলা- পুরুলিয়ার বাসিন্দা।


মহাশয় গত ইং 2015 সালের মার্চ মাস নাগাদ গোবিন্দপুর উচ্চবিদ্যালয়ের প্রধানশিক্ষক রজনীকান্ত মাহাত, পিতা- স্বর্গীয় অরুণচন্দ্র মাহাত আমার কাছে 5,49,000 টাকা (পাঁচলক্ষ ঊনপঞ্চাশ হাজার টাকা) কয়েকটি চেকের মাধ্যমে নেন আমার দুই ছেলের প্রাইমারী স্কুলে শিক্ষকতার চাকরি করে দেওয়ার নামে। উক্ত চেক গুলি উনি উনার বাড়িতে ডেকে আমার কাছ থেকে নেন। দীর্ঘদিন ধরে ছেলেদের চাকরি না হওয়ার জন্য আমি উনার বাড়ি নডিহা প্রান্তিকগলি (মিষ্টিমহলের নিকটে), পোস্ট - দুর্মি নডিহা, থানা - পুরুলিয়া (সদর), জেলা- পুরুলিয়া বেশ কয়েকবার যাই আমার দেওয়া টাকা ফেরত চাওয়ার জন্যে। উনার স্ত্রী ও পুত্রের সামনে বিষয়টি বলি তখন উনি, উনার স্ত্রী গন্ধেশ্বরী দেবী ও পুত্র নিখিলেন্দু মাহাত আমাকে বারে বারে আশ্বস্ত করেন যে টাকাটি ফেরত দিয়ে দেওয়া হবে।

ইতিমধ্যে রজনীকান্ত বাবু মারা যান। তারপরও উনার স্ত্রী বা পুত্র আমাকে আশ্বাস দিতে থাকেন যে চাকরি হয়ে যাবে। এখনো পর্যন্ত চাকরি না হওয়ায় টাকা ফেরত চাইতে গেলে উনারা এখনো আশ্বাস দিয়ে যাচ্ছেন এবং টাকা ফেরত দিচ্ছেন না। উপরিউক্ত তিন জনে মিলে আমাকে প্রলোভন দেখিয়ে আমার টাকা আত্মস্বাত করে আমাকে প্রতারিত করেছেন।

তাই মহাশয়, উপরিউল্লিখিত প্রতারকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিয়া বাধিত করিবেন।

উনাদের কথায় আশ্বস্ত হয়ে এবং টাকা ফেরত না পাওয়ায় মানসিক অস্থিরতার কারণে অভিযোগ জানাতে দেরি হইল।

Received on 19.05.22 at 14:45 hrs.
and started Purulia (T) PS case no.
87/22 dt. 19.05.22 U/S 420/406/3A I.P.C.


19.05.22
Inspector-in-Charge
Purulia Town P S
Purulia

বিনীত

Kimoi Chandra Majhi